# তেহরানের কেন্দ্রস্থলে ইসরায়েলের ফের বিমান হামলা



সংগৃহীত ছবি

ইসরায়েল তেহরানের প্রাণকেন্দ্রে নতুন করে একটি শক্তিশালী বিমান হামলা চালিয়েছে। সোমবার (২ মার্চ) ভোরে এই হামলার খবর জানিয়েছে ইসরায়েলি সামরিক বাহিনী (আইডিএফ)। আল–জাজিরার লাইভ আপডেটে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

আইডিএফ সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) পোস্ট করে জানায়, সামরিক গোয়েন্দা তথ্যের ভিত্তিতে তারা তেহরানের কেন্দ্রস্থলে ইরানি শাসকগোষ্ঠীর লক্ষ্যবস্তুতে আরেক দফা হামলা চালিয়েছে। একই সময় মার্কিন যুক্তরাষ্ট্র জানিয়েছে, বিমান হামলায় ইরানের ইসলামিক বিপ্লবী গার্ডের সদর দপ্তর ধ্বংস করা হয়েছে।

মার্কিন সেনাবাহিনীর কেন্দ্রীয় কমান্ড (সেন্টকম) একটি বিবৃতিতে জানিয়েছে, যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী বিশ্বের মধ্যে সবচেয়ে শক্তিশালী, এবং এখন বিপ্লবী গার্ডের কোনো সদর দপ্তর অবশিষ্ট নেই।

বিবৃতিতে আরও উল্লেখ করা হয়েছে, ইরানের বিপ্লবী গার্ড গত ৪৭ বছরে এক হাজারেরও বেশি মার্কিনিকে হত্যা করেছে। তবে সম্প্রতি যুক্তরাষ্ট্রের আঘাতে সেই সংস্থা কার্যত বিপর্যস্ত হয়েছে।

LENS ASIA